# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ নবী চরিত

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

পরিশিষ্ট-১ - ১. অহি লেখকগণ (كتّاب الوحى)

যায়েদ বিন ছাবিত (রাঃ) ছিলেন অহি লেখকগণের মধ্যে সর্বাগ্রগণ্য। সেকারণ কুরআন জমা করার সময় ওছমান (রাঃ) তাঁকেই এ গুরুদায়িত্ব প্রদান করেন (বুখারী হা/৪৬৭৯, ৪৯৭৯)। তিনি ব্যতীত আরও অনেক ছাহাবী বিভিন্ন সময়ে এ মহান দায়িত্ব আঞ্জাম দিয়েছেন।

ইবনু হাজার আসক্বালানী (রহঃ) বলেন, অহি নাযিলের শুরু থেকে মক্কায় অহি লেখকদের মধ্যে সর্বপ্রথম ছিলেন ওছমান (রাঃ)-এর দুধভাই (১) আব্দুল্লাহ বিন সা'দ বিন আবু সারাহ। ইনি পরে 'মুরতাদ' হয়ে যান। অতঃপর মক্কা বিজয়ের দিন পুনরায় মুসলমান হন। অতঃপর বিভিন্ন সময়ে অহি লেখক ছিলেন (২) আবুবকর (৩) ওমর (৪) ওছমান (৫) আলী (৬) যুবায়ের ইবনুল 'আওয়াম (৭) খালেদ বিন সাঈদ ইবনুল 'আছ ও তাঁর ভাই (৮) আবান বিন সাঈদ ইবনুল 'আছ (৯) হানযালা বিন রবী' আসাদী (১০) মু'আইক্বীব বিন আবু ফাতেমা দাওসী (১১) আব্দুল্লাহ বিন আরক্বাম যুহরী (১২) শুরাহবীল বিন হাসানাহ কুরায়শী (১৩) আব্দুল্লাহ বিন রাওয়াহা আনছারী।

মদীনায় প্রথম অহি লেখক ছিলেন (১৪) উবাই বিন কা'ব। অতঃপর (১৫) যায়েদ বিন ছাবিত। তিনি অনুপস্থিত থাকলে অন্যেরা লিখতেন' (রাযিয়াল্লাহু 'আনহুম)।[1] (১৬) এছাড়া বনু নাজ্জারের জনৈক ব্যক্তি, যে খ্রিষ্টান হয়ে যায়। অতঃপর মুসলমান হন।[2]

## ফুটনোট

[1]. ফাৎহুল বারী হা/৪৯৯০-এর পূর্বে 'নবী (ছাঃ)-এর লেখক' অনুচ্ছেদ, ৯/২২ পৃঃ।

[2]. বুখারী হা/৩৬১৭; মুসলিম হা/২৭৮১।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5802

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন